ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩২৪৩</u>

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

## স্বীকৃত জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা





আসন্ন ভোটার তালিকার সংশোধনের প্রক্রিয়াকে সুচারুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের উদ্যোগে রাজ্যের সকল স্বীকৃত জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে ১৫.১০.২০২৫ ইং তারিখে প্রজ্ঞাভবনে একদিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হলো ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে রাজনৈতিক দলগুলির ভূমিকা সম্পর্কে অবগত করা। তিনি আরও বলেন, এই কর্মশালার মাধ্যমে রাজনৈতিক দলের প্রতিনিধিরা, ভোটার তালিকা সংক্রান্ত সমস্ত ধরণের নিয়ম কানুন সম্পর্কে অবগত হবেন এবং পরবর্তী সময়ে তারা নিজ নিজ দলীয় কর্মীদের এই ধরণের প্রশিক্ষণ প্রদান করতে পারবেন। তিনি ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুতির ক্ষেত্রে সকল রাজনৈতিক দলের সহযোগিতার আহ্বান জানান। কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ. জে. মগ। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****